

3 (Sem-5) BEN M 5

2 0 1 7

BENGALI

( Major )

Paper : 5.5

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) মহর্ষি কণ্ঠের তপোবনে প্রবেশ করে দুযান্ত পরিণয়সূচক কোন লক্ষণ দেখেছিলেন ?
- (খ) মহর্ষি কণ্ঠ কী উদ্দেশ্যে সোমতীর্থে গিয়েছিলেন ?
- (গ) রাজা দুযান্ত-কর্তৃক পরিত্যক্তা শকুন্তলাকে প্রসবকাল পর্যন্ত কে নিজগৃহে রাখতে চেয়েছিলেন ?
- (ঘ) কোন গুণে নেতাজি জাপানের বশ্যতা স্বীকারের হাত থেকে বেঁচেছিলেন ?
- (ঙ) মোপাসাঁর রচনায় তাঁর একান্ত নিজস্ব বিশেষত্বটি কী, তা এককথায় প্রকাশ করো।
- (চ) ভারতীয় ভাবনায় বিরহের সঙ্গে কোন ঋতুর যোগ রয়েছে ?
- (ছ) ইংরেজ রাসূল পাশা 'পাশা' খেতাবটি কার কাছে পেয়েছিলেন ?

8A/197

( Turn Over )

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “মাধবীলতার এই যে মুকুলনির্গম, এ তোমারই শুভসূচক।” কে, কাকে একথা বলেছেন?
- (খ) “দেখ, সৎপুরুষেরা শোকের ও মোহের বশীভূত হয়েন না।” কে, কাকে একথা বলেছেন?
- (গ) ছোটগল্পে রবীন্দ্রনাথ যাঁদের ছাড়িয়ে গিয়েছেন বলে সৈয়দ মুজতবা আলী মনে করেন, তাঁদের মধ্যে দুজনের নাম লেখো।
- (ঘ) ইরান দেশের সদাগর কোথায়, কী উদ্দেশ্যে যেতে চেয়েছিলেন?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) রাজা দুয্যন্তের সঙ্গে মৃগয়ায় আগমনকালে তাঁর প্রিয় বয়স্যর ক্লেশ ও বিরক্তির কী কারণ ঘটেছিল তা অতি সংক্ষেপে আলোচনা করো।
- (খ) “সে এক অভূতপূর্ব স্ত্রীর সৃষ্টি।” উক্তিটির বক্তা কে? কার সম্পর্কে তিনি এরূপ উক্তি করেছেন? এই ‘অভূতপূর্ব’ রূপকে বক্তা কী কী বস্তুর সঙ্গে, কীরূপে তুলনা করেছেন, আলোচনা করো।
- (গ) “ভারতীয়েরা সব বেদে।” উক্তিটি কার? বক্তা নিজের কোন লক্ষণ দেখিয়ে নিজেকে ভারতীয়ের আপনজন বলে প্রতিষ্ঠিত করতে চেয়েছেন?

- (ঘ) ‘তোতাকাহিনী’ পাঠে হিন্দুস্তানের তোতাটি সদাগরের মারফৎ কীভাবে সদাগরের তোতাকে মুক্তির উপায় জানিয়েছিল, বিস্তারিতভাবে আলোচনা করো।
- (ঙ) ‘পঁচিশে বৈশাখ’ পাঠে সৈয়দ মুজতবা আলী রবীন্দ্রনাথের বহুমুখী প্রতিভার যে সংক্ষিপ্ত পরিচয় দিয়েছেন তা বর্ণনা করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) “সংস্কৃত ভাষায় রচিত কালিদাসের ‘অভিজ্ঞান শকুন্তলম্’ নাটকটিকে বাংলায় গদ্যানুবাদ করলেও বিদ্যাসাগরের ‘শকুন্তলা’ এক আধুনিক মানসিকতার মৌলিক সৃষ্টি।” ‘শকুন্তলা’ গ্রন্থ অবলম্বনে অনুবাদক বিদ্যাসাগরের মৌলিকতা ও আধুনিকতার পরিচয় দাও।
- (খ) ‘শকুন্তলা’ গ্রন্থের প্রথম পরিচ্ছেদে তপোবনের এক অপরূপ পটভূমিকায় শকুন্তলা ও দুয্যন্তের পূর্বরাগের অসাধারণ চিত্র অঙ্কিত হয়েছে। ‘শকুন্তলা’ গ্রন্থের প্রথম পরিচ্ছেদে বর্ণিত ঘটনা অবলম্বনে দুয্যন্ত-শকুন্তলার পূর্বরাগ বিশ্লেষণ করো।
- (গ) “শকুন্তলার পতিগৃহে যাত্রাকালে মহর্ষি কণ্ব শকুন্তলাকে যে উপদেশ দিয়েছেন এবং যে আচরণ করেছেন তার মধ্য দিয়ে এক তপোবনবাসী ঋষি নয়, বরং সংসার-অভিজ্ঞ এক গৃহস্থ ও সন্তান-বৎসল পিতার ছবিই ফুটে উঠেছে।” উক্তিটি অবলম্বনে শকুন্তলার পতিগৃহে যাত্রাকালে কণ্বের ভূমিকা আলোচনা করে উক্তিটির যথার্থ্য বিচার করো।

খ—গুছ

- (ক) “‘পাঁচিশে বৈশাখ’ পাঠে লেখক অতি সূক্ষ্ম ও গভীর উপলব্ধি দিয়ে রবীন্দ্রনাথের গানের বৈশিষ্ট্য বিশ্লেষণ করেছেন।” আলোচনা করো।
- (খ) “‘বর্ষা’ প্রবন্ধে এক কৌতুক কাহিনি অবতারণার মাধ্যমে লেখক যদিও হাস্যরস সৃষ্টি করেছেন, কিন্তু তার অন্তরালে রয়েছে এক গভীর তত্ত্ব—ভারতীয় ভাবনায় মানব-মনের উপর প্রকৃতির প্রভাব।” ‘বর্ষা’ পাঠ অবলম্বনে আলোচনা করো।
- (গ) সুভাষচন্দ্রের কার্যকলাপ বর্ণনা করে লেখক প্রকৃত একজন নেতার উপযুক্ত লক্ষণগুলি দেখতে পেয়েছেন, যা তিনি বিশ্লেষণ করে দেখিয়েছেন। ‘নেতাজী’ পাঠটি অবলম্বনে আলোচনা করো।

★ ★ ★